ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব

Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা

প্রশাসন শাখা

www.bksp.gov.bd

নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০৭৬১.১৬.১৯৬৪

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ / ১৩ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) জন্য রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপপরিচালক (ক্রীড়া বিজ্ঞান) ৮৬,০০০-১,৩৯,৭০০/- (গ্রেড-৫ম) (রাজস্ব, অস্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৫০ বছর	(ক) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস/ এমপিএড/ সাইকোলজি, পদার্থ/ ফলিত পদার্থ বিজ্ঞান/ বায়োমেকানিক্স/ স্পোর্টস মেডিসিন) বিষয়ে পিএইচডি ডিগ্রিধারীসহ সংশ্লিষ্ট ক্রীড়া বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির ডিপ্লোমা; অথবা (খ) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস/ এমপিএড/ সাইকোলজি, পদার্থ/ ফলিত পদার্থ বিজ্ঞান/ বায়োমেকানিক্স/ স্পোর্টস মেডিসিন) বিষয়ে ১ম শ্রেণির মাস্টার্স/২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির মাস্টার্স তৎসহ ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা।
২.	সিনিয়র গবেষণা কর্মকর্তা(এক্সারসাইজ ফিজিওলজি) ৭১,০০০-১,৩৪,০০০/- (গ্রেড-৬ষ্ঠ) (রাজস্ব, অস্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৪৫ বছর	এমবিবিএস ডিগ্রি/মেডিকেল সায়েন্স গ্র্যাজুয়েটসহ এক্সারসাইজ ফিজিওলজিতে ডিপ্লোমা (২য় শ্রেণি)। সংশ্লিষ্ট বিষয়ে ৫ বছরের অভিজ্ঞতা।
৩.	সিনিয়র গবেষণা কর্মকর্তা (স্পোর্টস মেডিসিন) ৭১,০০০-১,৩৪,০০০/- (গ্রেড-৬ষ্ঠ) (রাজস্ব, অস্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৪৫ বছর	এমবিবিএসসহ স্পোর্টস মেডিসিন ডিপ্লোমা (২য় শ্রেণি) সহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ বছরের অভিজ্ঞতা।
৪.	সহকারী প্রকৌশলী (সিভিল) ৪৪,০০০-১,০৫,৯০০/- (গ্রেড-৯ম) (রাজস্ব, স্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৩২ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ইঞ্জিনিয়ারিং (সিভিল) এ অন্যূন স্নাতক ডিগ্রি।
৫.	কোচ [নারী (ব্যাডমিন্টন) -০১টি এবং (টেবিল-টেনিস) -০১টি] (রাজস্ব, স্থায়ী) ৪৪,০০০-১,০৫,৯০০/- (গ্রেড-৯ম) (রাজস্ব, স্থায়ী)	২ (দুই) টি	অনূর্ধ্ব-৩২ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী : তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমার প্রয়োজন হবে না, যথাঃ- (ক) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়; (খ) জাতীয় দলের প্রশিক্ষক, (গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কোচিং বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত; (ঘ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে কোচ হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন; (ঙ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা (চ) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং কোর্সে সার্টিফিকেট বা লাইসেন্সপ্রাপ্ত।
৬.	উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ৩২,০০০-৭৭,৩০০/- (গ্রেড-১০ম) (রাজস্ব, স্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৩২ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল) এ অন্যূন দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা।
৭.	এস্টিমেটর ৩২,০০০-৭৭,৩০০/- (গ্রেড-১০ম) (রাজস্ব, স্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৩২ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ইঞ্জিনিয়ারিং (সিভিল) এ অন্যূন দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা।
৮.	লাইব্রেরি সহকারী ২১,৯০০-৫২,৯০০/- (গ্রেড-১৬তম), (রাজস্ব, স্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৩২ বছর	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা।
৯.	টেলিফোন অপারেটর ২১,৯০০-৫২,৯০০/- (গ্রেড-১৬তম), (রাজস্ব, স্থায়ী)	১ (এক) টি	অনূর্ধ্ব-৩২ বছর	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, টেলিফোন পিএবিএক্স চালনার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।
১০.	গ্রাউন্ডসম্যান ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০তম), (রাজস্ব, স্থায়ী)	৩ (তিন) টি	অনূর্ধ্ব-৩২ বছর	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ; এবং (খ) গ্রাউন্ডম্যান হিসাবে অন্যূন দুই বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। তবে শর্ত থাকে যে, স্বনামধন্য ক্রীড়া ক্লাবে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

নতুন ধারার দৈনিক আমাদের সময়

শর্তাবলীঃ

১। আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ০৩ (তিন) কপি (৫×৫ সে.মি) সাইজের সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ১২/১১/২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে

৩। ৩০/০৯/২০২৬ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হবে।

৪। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৫। ক্রমিক নম্বর ১-৭ পর্যন্ত বর্ণিত পদের অনুকূলে ২০০/- (দুইশত) টাকার, ক্রমিক নম্বর ৮-৯ পর্যন্ত বর্ণিত পদের অনুকূলে ১০০ (একশত) টাকার এবং ক্রমিক নম্বর ১০-এর অনুকূলে আবেদনকারীকে ৫০ (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে মহাপরিচালক, বিকেএসপি-এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি দেখাতে হবে।

৭। আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইটে (www.bksp.gov.bd) পাওয়া যাবে।

৮। চাকুরী প্রার্থী কর্তৃক কোন তদবির বা সুপারিশ করা হলে তিনি অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১৩-১০-২০২৬

মোহাম্মদ সাইফ উল্লাহ

মহাপরিচালক

জি-২৭৬৯/১০/২৬ (২৫'৭৪)